NOV. 1 ৩ 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১২ কলাম ... ৫ ...

ভোরের কাগজ

# ছাত্রলীগ ১০ দফা দাবি নিয়ে আজ কর্তৃপক্ষের সঙ্গে বৈঠকে বসছে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ছাত্রলীগের ১০ দফা দাবি আদায় নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আজ ছাত্রলীগ নেতৃবৃন্দের সঙ্গে আলোচনায় বসছে। এর আগে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ছাত্রলীগকে আলোচনায় বসার আমন্ত্রণ জানালে ছাত্রলীগ তাতে ইতিবাচক সাড়া দেয়। আজ সকাল ১১টায় আলোচনা বৈঠক অনুষ্ঠিত হবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা যায়।

গত ১৪ অক্টোবর হলে হলে সহাবস্থান, ছাত্রদলের সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ, ছাত্রলীগ কর্মীদের নিরাপদে পরীক্ষা দানের ব্যবস্থা গ্রহণ, বিতাড়িত ও আহত নেতাকর্মীদের ক্ষতিপূরণ এবং চিকিৎসা সুবিধা প্রদানসহ ১০ দফা দাবি আজ সোমবারের মধ্যে মেনে নেওয়ার জন্য ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে আল্টিমেটাম দেয়। দাবি মেনে নেওয়া না হলে আজ সংবাদ সম্মেলনের মাধ্যমে লাগাতার ধর্মঘটের মতো কঠোর কর্মসূচি দেওয়ার ইঙ্গিত দেয়।

এদিকে ১ অক্টোবর নির্বাচন পরবর্তী সময়ে ছাত্রলীগের অনেক নেতৃবৃন্দকে ক্যাম্পাসে খুঁজে পাওয়া না গেলেও আজকের সভায় যোগদানের জন্য ছাত্রলীগ নেতৃবৃন্দের মধ্যে রীতিমতো প্রতিযোগিতা চলছে বলে সংগঠনের একটি সূত্র জানায়।

আজকের আলোচনা প্রসঙ্গে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ভোরের কাগজকে বলেন, খোলা মন নিয়ে আমরা আলোচনায় বসবো। তাদের দাবিদাওয়াসমূহ যৌক্তিকতার ভিত্তিতে আমরা বিবেচনা করবো। সকলের সহযোগিতায় আমরা ক্যাম্পাসে শান্তিপূর্ণ অবস্থা বজায় রাখতে চাই।